গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন ও সমন্বয় শাখা
www.mos.gov.bd

নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত অংশীজনদের উপস্থিতিতে আয়োজিত কর্মশালার রেকর্ড নোটস্।

স্থান : বিআইডব্লিউটিএ'র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তন, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
তারিখ : ০৫ ডিসেম্বর ২০২২।
সময় : বেলা ৯.৩০ ঘটিকায়।

নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ'র) আওতায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং অংশীজনদের উপস্থিতিতে বিআইডব্লিউটিএ'র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তনে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে নৌপরিবহন মন্ত্রণালয় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, স্থল বন্দর কর্তৃপক্ষ ও জাতীয় নদী রক্ষা কমিশন এর অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাসহ অভ্যন্তরীণ যাত্রী পরিবহন সংস্থার নেতৃবর্গ, লঞ্চ মালিক সমিতির নেতৃবর্গ, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশনের নেতৃবর্গ, বাংলাদেশ ইঞ্জিন বাল্কহেড বোট ওনার্স এসোসিয়েশনের নেতৃবর্গ ও বাংলাদেশ কার্গো ট্রলার বাল্ক হেড শ্রমিক ইউনিয়নের নেতৃবর্গ এবং বিআইডব্লিউটিএ'র বিভিন্ন ঘাটের ইজারাদার উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন।

সভার প্রারম্ভে নৌপরিবহন মন্থণালয়ের যুগ্মসচিব ড. আ. ন. ম বজলুর রশীদ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কর্মশালার প্রতিপাদ্য "অভিযোগ প্রতিকার" বিষয়ে তাঁর মূল্যবান বক্তব্যে সরকারী সেবার মান উন্নয়নের স্বার্থে কম সময়ে স্বল্প ব্যয়ে এবং ভোগান্তি ছাড়া কিভাবে সেবাগ্রহীতের সেবা প্রদান করা যায় সে বিষয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

অতঃপর নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ গোলাম রাব্বী, পিএএ অভিযোগ প্রতিকার বিষয়ে পাওয়ার পয়েন্টের মাধ্যমে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। তিনি অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রোগ্রামার সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান উপস্থিত সকল কর্মকর্তা/স্টেকহোল্ডারদেরকে অনলাইনে অভিযোগ দাখিল ও নিষ্পত্তির বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন। মুক্ত আলোচনায় উপস্থিত স্টেকহোল্ডারদের মধ্যে লঞ্চ মালিক সমিতির সিনিয়র সহঃ সভাপতি ও সত্ত্বাধিকারী মের্সাস বেপারী নেভিগেশন কোম্পানীর মালিক জনাব আতাহার বেপারী এবং বাংলাদেশ কার্গো ট্রলার বাল্কহেড শ্রমিক ইউনিয়নের সভাপতি জনাব মোঃ জাহাঙ্গীর বেপারী নৌ-পথে কার্গো সহ শ্রমিকদের নিরাপত্তা ও নৌপথের নাব্যতার সমস্যা সমাধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। এছাড়া ঘূর্ণিঝড় সিত্রাং এ ক্ষতিগ্রস্ত বয়া, পল্টুন মেরামত করার বিষয় তুলে ধরেন। আলোচনাকালে বিআইডব্লিউএ'র নৌ- সংরক্ষণ ও পরিচালন বিভাগের পরিচালক জনাব মোঃ শাহজাহান এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। একজন স্টেকহোল্ডারের অভিযোগের প্রেক্ষিতে নারায়ণগঞ্জ, মেঘনা, আশুগঞ্জ, নওয়াপাড়া ঘাট পয়েন্টে রেইটচার্ট প্রদর্শন করার বিষয়ে সিদ্ধান্ত হয়। পরবর্তীতে বাঅনৌচ (যাপ) সংস্থা, কেন্দ্রীয় কমিটির পরিচালক এবং সদরঘাটের স্ট্যান্ডি কমিটির আহবায়ক জনাব মোঃ মামুন উর রশিদ, বলেন নরসিংদী সলিমগঞ্জ লঞ্চঘাট ইজারা দেয়া হলেও লঞ্চ ভিড়তে দেয়া হচ্ছে না। উক্ত অভিযোগের প্রেক্ষিতে নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ দ্রুত প্রয়োজনীয়

ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। শ্রমিক ফেডারেশনের সহ-সভাপতি ঢাকার চর্তুদিকে নৌপথের সিন্নিরটেক নামক এলাকায় ড্রেজিং করার বিষয়ে অনুরোধ জ্ঞাপন করেন। এ বিষয়ে কর্তৃপক্ষের বন্দর ও পরিবহন বিভাগ হতে দ্রুত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেয়া হয়। আলোচনাকালে বিআইডব্লিউটিএ'র পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার বিষয়ে গুরুত্বপূর্ণ অভিমত ব্যক্ত করেন এবং কর্মশালায় অংশগ্রহণকারী সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। কর্মশালায় www.grs.gov.bd এ ওয়েবসাইটের মাধ্যমে অভিযোগ দাখিলের বিষয়ে সকলকে পরামর্শ দেয়া হয়।

মুক্ত আলোচনা শেষে ড. আ.ন.ম বজলুর রশীদ, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক অনলাইনে অভিযোগ দাখিল ও যথাসময়ে তা নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্টদের সচেষ্ট থাকার অনুরোধপূর্বক বিআইডব্লিউটিএ এবং কর্মশালায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

ড. আ.ন.ম বজলুর রশীদ
যুগ্মসচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্বাক্ষরিত
০৫/১২/২০২২
ড. আ.ন.ম বজলুর রশীদ
যুগ্মসচিব

নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা

স্মারক নং- ১৮.০০.০০০০.০৪১.২৭.০০১.২১- ৯৫৭

তারিখঃ-১৮ ডিসেম্বর ২০২২

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন : ৫৫১০১০৪৪
মেইল:ds.gg.@mos.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ভিত্তিতে নহে):

১। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ মতিঝিল, ঢাকা।
২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি/মবক/চবক/পাবক/বাস্থবক/জানরক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন,সল্টগোলা রোড , চট্টগ্রাম।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী ,চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট এবং পাবনা ।
৬। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অতিরিক্ত সচিব (সংস্থা-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

দৃ.আ. (সকল দপ্তর /সংস্থার অভিযোগ প্রতিকার (GRS) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা